

# পাঁচ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগ



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৩ ফেব্রুয়ারি ২০২৫ | ১৯:২০



দেশের পাঁচটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগ দিয়েছে সরকার। বিশ্ববিদ্যালয়গুলো হলো- মুন্সিগঞ্জের হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, রাজশাহীর বরেন্দ্র বিশ্ববিদ্যালয়, রাজধানীর প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়, সিলেটের লিডিং ইউনিভার্সিটি এবং চট্টগ্রামের আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়।

রাষ্ট্রপতি ও আচার্যের অনুমোদনক্রমে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে জারি করা পৃথক প্রজ্ঞাপনে তাদের নিয়োগ দেওয়া হয়। এতে সই করেন মন্ত্রণালয়ের উপসচিব মোছা. রোখছানা বেগম।

মুন্সিগঞ্জে অবস্থিত হামদর্দ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. মনজারুল আলম।

সিলেটের লিডিং ইউনিভার্সিটির উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) পরিসংখ্যান বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ তাজ উদ্দিন।

রাজশাহীর বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. খাদেমুল ইসলাম মোল্যা।

রাজধানীর প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের (এআইইউবি) ফ্যাকাল্টি অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের অধ্যাপক ড. ফারহীন হাসান।

চট্টগ্রাম অবস্থিত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন একই বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলী আজাদী।

উপাচার্যদের তিনটি শর্তে নিয়োগ দেওয়া হয়েছে। শর্তের মধ্যে রয়েছে- উপাচার্য পদে তাদের নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ৪ বছর। তবে রাষ্ট্রপতি ও আচার্য প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন; তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন ও পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি ভোগ করবেন। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী উপাচার্য পদে তারা দায়িত্ব পালন করবেন।